

সার্কুলার নংঃ বিজিএ/কাস/২০২৪/৯১

তারিখঃ ০৩/০১/২০২৪

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ বিদ্যমান বন্ড লাইসেন্সের তথ্য বন্ড অটোমেশন সিস্টেমে হালনাগাদকরণ প্রসঙ্গে।


আপনারা সকলে অবগত আছেন যে, বন্ড ব্যবস্থাপনার মাধ্যমে সম্পাদিত সেবা কার্যক্রম সহজে দ্রুততম সময়ে প্রদানের লক্ষ্যে বন্ড অটোমেশন সিস্টেম চালু করা হয়েছে। সিস্টেম ব্যবহার করে স্বল্পতম সময়ে উন্নত সেবা প্রাপ্তির জন্য সিস্টেমে লাইসেন্সের তথ্য হালনাগাদ থাকা খুবই প্রয়োজন। জাতীয় রাজস্ব বোর্ড হতে সকল বন্ডেড প্রতিষ্ঠানকে সিস্টেমে সাইন আপ করে ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রস্তুতপূর্বক প্রতিষ্ঠানের তথ্য হালনাগাদ করতে নির্দেশনা প্রদান করা হয়েছে।

গত ২৬/১২/২০২৩ইং তারিখে কাস্টমস বন্ড সংক্রান্ত ওয়ার্কিং কমিটির অনুষ্ঠিত সভায় কাস্টমস কর্তৃপক্ষ জানান, প্রতিষ্ঠানের তথ্য সিস্টেমে হালনাগাদকরণকালে বিন নাম্বার (BIN Number) এবং বার্তা (মেসেজ) প্রাপ্তির জন্য মোবাইল নাম্বারের তথ্য প্রদানকালে সতর্কতা অবলম্বন করতে হবে।

কাস্টমস কর্তৃক প্রেরণকৃত আমদানি-রপ্তানি কার্যক্রম সংশ্লিষ্ট বার্তা (মেসেজ) প্রাপ্তির ক্ষেত্রে প্রতিষ্ঠানের শেয়ার হোল্ডার/বন্ডার/পরিচালকদের মোবাইল নাম্বারের পরিবর্তে সিএন্ডএফ এজেন্ট বা অন্য কোন তৃতীয় পক্ষের মোবাইল নাম্বার ব্যবহার করার কারণে প্রতিষ্ঠান কর্তৃপক্ষ আমদানি পণ্য খালাস ও রপ্তানি সংক্রান্ত তথ্য সঠিকভাবে জানতে পারেন না। ফলে তৃতীয় পক্ষের জালিয়াতির কারণে রপ্তানিকারকগণ কাস্টমসের দাবিনামা/জরিমানাসহ বিভিন্ন আইনি জটিলতার সম্মুখীন হন। তাই কাস্টমসের বার্তা প্রাপ্তির জন্য প্রতিষ্ঠানের আমদানি-রপ্তানি সংক্রান্ত কাজে সরাসরি সম্পৃক্ত শেয়ার হোল্ডার/বন্ডার/পরিচালকের মোবাইল নাম্বার প্রদান করা প্রয়োজন।

বন্ডের আওতায় আমদানি-রপ্তানি কার্যক্রম সহজে দ্রুততার সাথে সম্পাদনের নিমিত্তে সকল বন্ডেড প্রতিষ্ঠানকে বন্ড অটোমেশন সিস্টেমে লগইন করে স্ব স্ব প্রতিষ্ঠানের তথ্য হালনাগাদ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

ধন্যবাদান্তে,


মোঃ ফয়জুর রহমান
মহাসচিব